গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

অভ্যন্তরীন সংগ্রহ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.০১.০০১.১৭.৩১

তারিখ: ৮ ফাল্গুন ১৪৩০
২১ ফেব্রুয়ারি ২০২৪

**পরিপত্র**

বিষয়: রাইস মিল (অটোমেটিক ও হাস্কিং) থেকে পাইকারী ও খুচরা পর্যায়ে সরবরাহকৃত চালের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং 'উৎপাদন ও সরবরাহ' মূল্য অবহিতকরণ সংক্রান্ত।

সম্প্রতি দেশের চাল উৎপাদনকারী কয়েকটি জেলায় পরিদর্শন করে নিশ্চিত হওয়া গেছে যে, বাজারে একই জাতের ধান হতে উৎপাদিত চাল ভিন্ন ভিন্ন নামে ও দামে বিক্রি হচ্ছে। চালের দাম অযৌক্তিক পর্যায়ে গেলে বা অকস্মাৎ বৃদ্ধি পেলে মিলার, পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা একে অপরকে দোষারোপ করছেন। এতে ভোক্তাগণ ন্যায্যমূল্যে পছন্দমত জাতের ধান, চাল কিনতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন এবং অনেক ক্ষেত্রে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এ অবস্থার উত্তরণের লক্ষ্যে চালের বাজার মূল্য সহনশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে, ধানের নামেই যাতে চাল বাজারজাতকরণ করা হয় তা নিশ্চিত করার উদ্দেশ্যে এবং এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং এর সুবিধার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। চালের উৎপাদনকারী মিলারগণ গুদাম হতে বাণিজ্যিক কাজে চাল সরবরাহের প্রাক্কালে চালের বস্তার উপর উৎপাদনকারী মিলের নাম, জেলা ও উপজেলার নাম, উৎপাদনের তারিখ, মিল গেট মূল্য এবং ধান/চালের জাত (variety) উল্লেখ করতে হবে। এই তথ্যগুলো নিম্নোক্ত নমুনা মোতাবেক লেখা থাকবে :

| |
|---|
| ধানের জাতের নাম: |
| প্রস্তুতকারক: |
| ঠিকানা : উপজেলা:<br>জেলা: |
| নিট ওজন: |
| উৎপাদনের তারিখ: |
| মিল গেট মূল্য: |


২। বস্তার উপর উল্লিখিত তথ্যাদি কালি দ্বারা হাত দিয়ে লেখা যাবে না;

৩। চাল উৎপাদনকারী সকল মিল মালিক (অটো/হাস্কিং) কর্তৃক সরবরাহকৃত সকল প্রকার চালের বস্তা/প্যাকেটের (৫০/২৫/১০/৫/২/১ কেজি ইত্যাদি) উপর উল্লিখিত তথ্যাদি মুদ্রিত করতে হবে;

৪। কর্পোরেট প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নির্দেশনা প্রতিপালন করতে হবে। এ ক্ষেত্রে মিল গেট দামের পাশাপাশি প্রতিষ্ঠান চাইলে সর্বোচ্চ খুচরা মূল্য উল্লেখ করতে পারবে;

৫। এ পরিপত্রের আলোকে সকল জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ খাদ্য পরিদর্শকগণ পরিদর্শনকালে এ বিষয়টি নিশ্চিত করবেন। এর ব্যত্যয় ঘটলে 'খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ, বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন, ২০২৩' এর ধারা ৬ ও ধারা ৭ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৬। আগামী ১৪.০৪.২০২৪ খ্রি. (০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ) তারিখ হতে এ পরিপত্রের নির্দেশ আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।



২১-২-২০২৪

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
ফোন: +৮৮০২৫৫১০০০৮৮
ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮
ইমেইল:
secretary@mofood.gov.bd

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৪) সচিব, কৃষি মন্ত্রণালয়
৫) সচিব, অর্থ বিভাগ
৬) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
৭) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
৮) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৯) বিভাগীয় কমিশনার (সকল)
১০) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
১১) জেলা প্রশাসক (সকল)
১২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, কৃষি মন্ত্রণালয়
১৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
১৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , বাণিজ্য মন্ত্রণালয়
১৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
১৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
১৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
১৯) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)